

# বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে ইস্ট ওয়েস্টকে স্থায়ী সনদ প্রদান

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সব শর্ত পূরণ করায় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়কে স্থায়ী সনদ দিয়েছে সরকার। তবে যেসব বিশ্ববিদ্যালয় এখনো শর্ত পূরণ করেনি, তাদের এক বছরের মধ্যে সব শর্ত পূরণ করতে হবে। এতে ব্যর্থ হলে শিক্ষার্থী ভর্তি বন্ধসহ আইনানুগ কঠোর ব্যবস্থা নেয়া হবে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৫তম সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এসব কথা বলেন। গতকাল সকালে রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এ সমাবর্তন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে তিন শিক্ষার্থীকে স্বর্ণপদকসহ মোট ১ হাজার ৩১১ শিক্ষার্থীকে সনদ প্রদান করা হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসানের উপস্থিতিতে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। এতে সমাবর্তন বক্তা ছিলেন শিক্ষাবিদ অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, সফলতা বলে কিছু নেই, যদি ব্যর্থতা না থাকে। তাই কর্মজীবনে হতাশ না হয়ে তাদের আশাবাদী হতে হবে। বিজ্ঞপ্তি